তারিখ 13. SEP. 2017
পৃষ্ঠা ২ কলাম ৪

দৈনিক
আমাদের সময়

# ৫৬ শিক্ষার্থীর মামলা প্রত্যাহারের পদক্ষেপ জাবি উপাচার্যের

জাবি প্রতিনিধি ●

জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয়ের (জাবি) ৫৬ শিক্ষার্থীর বিরুদ্ধে প্রশাসনের করা মামলা প্রত্যাহারের প্রয়োজনীয় পদক্ষেপ নিয়েছেন উপাচার্য অধ্যাপক ফারজানা ইসলাম। গতকাল মঙ্গলবার রেজিস্ট্রার আবু বকর সিদ্দিক এ তথ্য নিশ্চিত করেছেন।

ছাত্র ইউনিয়ন জাবি শাখার সভাপতি ইমরান নাদিম বলেন, আমরা আপসনামায় স্বাক্ষর করব। তারপর পুলিশ আদালতের মাধ্যমে মামলা নিষ্পত্তি করে দেবে। ১৪ সেপ্টেম্বর আমাদের মামলায় হাজিরার তারিখ আছে, সেদিন মামলা নিষ্পত্তি হয়ে যেতে পারে।

রেজিস্ট্রার ও মামলার বাদী আবু বকর সিদ্দিক জানান, শিক্ষার্থীদের আপসনামা এরপর পৃষ্ঠা ৬, কলাম ৫

## ৫৬ শিক্ষার্থীর

(শেষ পৃষ্ঠার পর) দিতে বলা হয়েছে। তারা দিলে আমরা পুলিশের কাছে দেব। পুলিশ মামলা নিষ্পত্তি করার পরবর্তীতে প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ করবে।

উল্লেখ্য, গত ২৬ মে সড়ক দুর্ঘটনায় দুই শিক্ষার্থী নিহত হওয়ার ঘটনায় মহাসড়ক অবরোধকালে পুলিশের হামলায় ১০ শিক্ষার্থী আহত হন। পরে বিক্ষুব্ধ শিক্ষার্থীরা উপাচার্যের বাসভবনে ভাঙচুর করলে জরুরি সিন্ডিকেট সভায় ৫৬ শিক্ষার্থীর নামে মামলা দেয় বিশ্ববিদ্যালয় প্রশাসন। পরে এ মামলা প্রত্যাহারের দাবিতে আন্দোলনে নামে বিশ্ববিদ্যালয়ের শিক্ষক-শিক্ষার্থীরা। এ আন্দোলনের মুখে মামলা প্রত্যাহারের সিদ্ধান্ত নেয় বিশ্ববিদ্যালয় প্রশাসন।

ব্যানবেইস
পরিচালকের কার্যালয়
প্রাপ্তি নং........................
তারিখ........................
চীফ, পরিসংখ্যান বিভাগ
চীফ ... ই.এম.পি বিভাগ
সিস্টেম এনালিস্ট
... ... প্রোগ্রামার
... কর্মকর্তা
...অর্থে/...অর্থে
স্বাক্ষর